



“নোটিশ”

তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

মা ইলিশ সংরক্ষণ অভিযান -২০২০ আগামী ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর, ২০২০ পর্যন্ত মোট ২২ (বাইশ) দিন বাস্তবায়িত হবে। এ সময়ে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে। প্রতি বছরের ন্যায় এ বছরও স্থানীয় প্রশাসন, বাংলাদেশ নৌবাহিনী, বিমানবাহিনী, কোস্টগার্ড, পুলিশ, র্যাব, নৌপুলিশ ও মৎস্য অধিদপ্তর যৌথভাবে এই অভিযান পরিচালনা করবে। উক্ত সময়কালে সারা দেশ সহ ফুলছড়ি উপজেলায় সকলস্থানে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ থাকবে। এ আইন অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



৩০/০৯/২০২০

(মোহা: রাশেদা আক্তার)

উপজেলা মৎস্য কর্মকর্তা,

ফুলছড়ি, গাইবান্ধা।